



সোনালী ব্যাংক লিমিটেড

এজেন্ট ব্যাংকিং বাস্তবায়ন প্রকল্প
প্রধান কার্যালয়, ঢাকা



এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য এজেন্ট নিয়োগ বিজ্ঞপ্তি

রাষ্ট্র মালিকানাধীন বৃহত্তম বাণিজ্যিক ব্যাংক সোনালী ব্যাংক লিমিটেড জনগণের দোরগোড়ায় ব্যাংকিং সেবা পৌঁছে দিতে বন্ধপরিকর। ব্যাংকিং সেবাবিধিত জনগোষ্ঠীর হাতের কাছে সেবা প্রদানের জন্য সোনালী ব্যাংক লিমিটেড বাংলাদেশ ব্যাংক প্রণীত এজেন্ট ব্যাংকিং গাইডলাইন অনুসারে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম শুরু করতে যাচ্ছে। এ লক্ষ্যে ব্যাংক কর্তৃক নির্ধারিত লোকেশনে 'সোনালী এজেন্ট ব্যাংকিং' এর 'ইউনিট এজেন্ট' নিয়োগের জন্য স্থানীয় ব্যবসায়ী ও ব্যক্তি উদ্যোক্তাদের নিকট থেকে দরখাস্ত আহবান করা হচ্ছে।

এজেন্ট হওয়ার জন্য আবেদনকারীর যোগ্যতা :

১. আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে
২. আবেদনকারীর বয়সসীমা ১৮ থেকে ৬৫ বছর।
৩. শিক্ষাগত যোগ্যতা : এইচএসসি বা সমমান পরীক্ষায় পাস (বিশেষ ক্ষেত্রে শিথিলযোগ্য)।
৪. সংশ্লিষ্ট এলাকায় ব্যবসা পরিচালনার জন্য ট্রেড লাইসেন্স থাকতে হবে।
৫. প্রাথমিক পর্যায়ে ন্যূনতম ৫ (পাঁচ) লক্ষ টাকা বিনিয়োগের সামর্থ্য থাকতে হবে।
৬. চূড়ান্ত নিয়োগপ্রাপ্ত এজেন্টকে আউটলেট তত্ত্বাবধানকারী শাখায় ন্যূনতম ২ (দুই) লক্ষ টাকা জমা রাখতে হবে।
৭. প্রযুক্তি নির্ভর আর্থিক ব্যবসা কার্যক্রম পরিচালনায় সামর্থ্য থাকতে হবে।
৮. সোনালী ব্যাংক লিমিটেড অথবা যে কোনো রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংক থেকে কমপক্ষে ০১ (এক) বছর পূর্বে সন্তোষজনকভাবে অবসরপ্রাপ্ত সাবেক কর্মকর্তাদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে।

এজেন্ট হওয়ার অযোগ্যতা :

১. ফৌজদারী অপরাধের অভিযোগে মামলায় তদন্তাধীন ব্যক্তি বা প্রতিষ্ঠান;
২. মানি লন্ডারিং ও সন্ত্রাসী কর্মকাণ্ডে অর্থায়নের দায়ে অভিযুক্ত বা তদন্তাধীন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান;
৩. আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত কোন ব্যক্তি, সাজা সমাপ্তির পর থেকে ০৩ (তিন) বছর পর্যন্ত;
৪. যে কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ঋণ খেলাপি;
৫. আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান;
৬. ব্যাংক কোম্পানি আইন ১৯৯১-এর ২৬ (গ) ধারা অনুযায়ী ব্যাংক সংশ্লিষ্ট কোন ব্যক্তি;
৭. ০১ (এক) বছরের কম সময়ের মধ্যে অবসরপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তা;
৮. অন্য ব্যাংকের বিদ্যমান এজেন্ট।

আবেদনপত্র সংগ্রহ ও জমা :

১. ব্যাংকের ওয়েবসাইট www.sonalibank.com.bd এর Agent Banking পেইজ থেকে বিনামূল্যে আবেদনপত্র ডাউনলোড করা যাবে। আবেদন পত্রের সাথে ব্যাংক কর্তৃক নির্ধারিত 'এজেন্ট লোকেশন তালিকা' এবং এজেন্ট হওয়ার নিয়মাবলীসহ বিস্তারিত তথ্যাদিও পাওয়া যাবে।
২. ব্যাংকের ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে অপারগ হলে এজেন্ট হওয়ার আবেদন পত্র, নিয়মাবলী এবং 'এজেন্ট লোকেশন তালিকা' ১১৫/- টাকা পরিশোধপূর্বক ব্যাংকের নিকটবর্তী শাখা থেকে সংগ্রহ করা যাবে।
৩. আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে ১৫/৭/২০২০ তারিখের মধ্যে (ব্যাংকিং কার্যসময়ে) সংশ্লিষ্ট আউটলেট লোকেশনের জন্য নির্ধারিত শাখায় দাখিল করতে হবে।
৪. আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীর অনুকূলে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন প্রাপ্তির পর এই ব্যাংক কর্তৃক তাকে এজেন্ট নিয়োগপূর্বক 'সোনালী এজেন্ট ব্যাংকিং' কার্যক্রম পরিচালনার অনুমতি দেয়া হবে।
৫. কোনো প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোনো আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সোনালী ব্যাংক লিমিটেড সংরক্ষণ করে।

(মো. বিল্লাল হোসেন)

ডেপুটি জেনারেল ম্যানেজার

ও প্রজেক্ট ডিরেক্টর,

এজেন্ট ব্যাংকিং বাস্তবায়ন প্রকল্প

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা